অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট জুড়ে টেলিপ্র্যাকটিস ক্ষমতা সম্প্রসারণের জন্য দ্বিতীয় দফার তহবিল ঘোষণা করেন

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলে 30 জন অতিরিক্ত সরবরাহকারীকে তহবিলে 423,000 মার্কিন ডলারেরও বেশি পুরস্কার প্রদান করা হবে

COVID-19 মহামারির মধ্যে আচরণগত স্বাস্থ্য কর্মসূচি জুড়ে টেলিপ্র্যাকটিস সার্ভিস কেয়ার ডেলিভারির নিরাপদ উপায় প্রদান করে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ দেশব্যাপী আসক্তি টেলিস্বাস্থ্য সেবা প্রদানের জন্য সরঞ্জাম ক্রয় এবং ইনস্টলেশনের জন্য 423,000 মার্কিন ডলারেরও বেশি পুরস্কার ঘোষণা করেছেন। সম্প্রসারিত টেলিপ্র্যাকটিস ক্ষমতা ব্যক্তি এবং পরিবারগুলির জন্য গুরুত্বপূর্ণ অ্যাডিকশন সার্ভিস নিশ্চিত করে যারা অন্যথায় চিকিৎসা খুঁজতে পারে না। এই উদ্যোগের জন্য তহবিল ফেডারেল স্টেট অপিওয়েড রেসপন্স গ্রান্টের (State Opioid Response Grant) মাধ্যমে প্রদান করা হয় এবং অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) দ্বারা পরিচালিত হয়। এই তহবিলের প্রথম রাউন্ডে 460,000 মার্কিন ডলারেরও বেশি পুরস্কার প্রদান করা হয়, যার ফলে মোট পরিমাণ ৪৪3,000 মার্কিন ডলারেরও বেশি প্রদান করা হয়।

"যেহেতু আমরা COVID-19 এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছি, গুণগত মানের যত্ন এবং আসক্তি চিকিৎসা সেবা প্রদানের জন্য আমাদের অবশ্যই আমাদের প্রচেষ্টা চালিয়ে যেতে হবে," **গভর্নর কুওমো বলেন**। "টেলিপ্র্যাকটিস সার্ভিসে এই বিনিয়োগ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের প্রয়োজনীয় সম্পদ এবং জীবন রক্ষাকারী আসক্তি চিকিৎসা সেবা নিশ্চিত করতে সাহায্য করবে, যেহেতু আমরা আসক্তির সংকটের বিরুদ্ধে লড়াই করছি।"

COVID-19 মহামারির মধ্যে, ব্যক্তি এবং পরিবারকে অ্যাডিকশন সেবা এবং সমর্থনে নিয়োজিত রাখার একটি নিরাপদ মাধ্যম হিসেবে টেলিপ্র্যাকটিস সেবা ব্যবহার করা হচ্ছে। অ্যাডিকশন সেবা এবং সমর্থন অফিস মহামারির সময় টেলিপ্র্যাকটিস প্রদানের জন্য কিছু নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা সাময়িকভাবে পরিত্যাগ করেছে। স্টেট জুড়ে 600টিরও বেশি প্রোগ্রাম সাইটে টেলিফোন এবং ভিডিও টেকনোলজি ব্যবহারের মাধ্যমে টেলিপ্র্যাকটিস সেবা প্রদানের অনুমতি দেওয়া হয়।

এগুলির মধ্যে পাঁচ শতাধিক প্রোগ্রাম জরুরি টেলিপ্র্যাকটিস মওকুফ এবং পরীক্ষা প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত অনুমোদিত হয়।

স্টেটের হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (Heroin and Opioid Task Force)-এর সহ-সভাপতি লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন। "COVID-19 মহামারির এই অত্যন্ত চ্যালেঞ্জিং এবং অভূতপূর্ব সময়ে অনেক ব্যক্তি এবং পরিবার ক্রমবর্ধমান মানসিক চাপ এবং উদ্বেগের সম্মুখীন হচ্ছে এবং কেউ কেউ আসক্তির সাথে সংগ্রাম করছে। নিউ ইয়র্কবাসীদের সকল উপলভ্য রিসোর্স এবং সেবা নিশ্চিত করা এখন আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। স্টেট জুে টেলিপ্র্যাকটিস সেবা সম্প্রসারণের এই বিনিয়োগ অনেক নিউ ইয়র্ক বাসীকে যত্ন প্রদানের একটি নিরাপদ উপায় প্রদান করবে। স্বাস্থ্যকর এবং নিরাপদ জীবন যাপনের জন্য মানুষের প্রয়োজনীয় যত্ন, সহায়তা এবং চিকিৎসা প্রদানের জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন, "যত বেশি সম্ভব মানুষের চাহিদা সামলাতে সাহায্য করার জন্য একটি শক্তিশালী টেলিস্বাস্থ্য ক্ষমতা গড়ে তুলতে আমরা আমাদের সরবরাহকারীদের নেটওয়ার্কের সাথে কাজ করছি। আমাদের টেলিহেল্থ সার্ভিস আসক্তিতে আক্রান্ত ব্যক্তিদের অনেক প্রয়োজনীয় ক্লিনিক্যাল, মেডিকেল এবং পিয়ার সাপোর্ট সার্ভিসে প্রবেশের সুযোগ করে দিচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের সকল আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলে অতিরিক্ত 30 সরবরাহকারীকে তহবিল প্রদান করা হয়। পিসি, সফটওয়্যার, মনিটর, স্পীকার, ল্যাপটপ, কীবোর্ড বা ওয়েবক্যাম কিনতে তহবিল ব্যবহার করা যেতে পারে।

পুরস্কারগুলো নিম্নরূপ:

কাউন্টি	সরবরাহকারীর নাম	পুরস্কারের পরিমাণ
Capital Region		
Albany	Equinox, Inc.	$15,000
Albany	Whitney Young Health Center, Inc.	$15,000
Central New York		
Oswego	County of Oswego Council on Alcoholism & Addiction, Inc.	$15,000
Finger Lakes		
Monroe	Catholic Charities of the Diocese of Rochester dba Catholic Family Center	$14,910
Long Island		

Nassau	EAC, Inc.	$15,000
Nassau	Friends of Bridge, Inc.	$6,743
Nassau	Hispanic Counseling Center	$15,000
Nassau	Long Beach Reach	$14,997
Nassau	Mercy Medical Center	$14,995
Nassau	Southeast Nassau Guidance Center	$10,176
Nassau	Youth Environmental Services, dba YES Community Counseling Center	$15,000
Suffolk	Huntington Youth Bureau Youth Development Research Institute, Inc.	$15,000
Suffolk	Town of Babylon: Drug & Alcohol Services aka Beacon Family Wellness Center	$15,000
Mid-Hudson		
Dutchess	Dutchess County Department of Behavioral & Community Health	$14,349
Westchester	Phelps Memorial Hospital Association	$10,703
Mohawk Valley		
Oneida	Liberty Resources, Inc.	$14,992
New York City		
Bronx	Montefiore Medical Center	$14,995
Bronx	Osborne Treatment Services, Inc.	$15,000
Bronx	Odyssey House, Inc.	$15,000
Kings	Bridging Access to Care (BAC)	$15,000
Kings	Center for Community Alternatives	$14,100
Kings	Community Counseling & Mediation	$14,999
Kings	Hands On Health Associates, LLC	$12,342
New York	Exponents	$14,485
New York	St. Mark's Place Institute for Mental Health dba Unitas	$14,250
New York	The Bridge, Inc.	$14,939
Queens	Flushing Hospital & Medical Center	$15,000
Queens	Long Island Consultation Center	$12,666
Queens	Mental Health Providers of Western Queens, Inc.	$14,190

North Country		
Clinton	Champlain Valley Family Center for Drug Treatment & Youth Services, Inc.	$15,000

2016 সালে, গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা এবং ওপেন অ্যাক্সেস সেন্টার যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবা প্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে, এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই যাতে প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

পদগ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাত দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আক্রমণাত্মক, বহুমাত্রিক পথ বেছে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

মানুষ যাতে আরও দ্রুত চিকিৎসা পেতে পারে সেই জন্য গভর্নর বীমা সীমাবদ্ধতা বাতিল, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনা, প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতি আইনসম্মত করাসহ উন্নত সংবিধানিক ও নিয়ন্ত্রক আইন সংশোধন করেছেন। এছাড়াও রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সনের প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করার জন্য কাজ করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 420,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজের বিপরীতকরণ ওষুধ নিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছেন। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও প্রত্যাশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকবে।

FindAddictionTreatment.ny.gov এ নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সার্ভিসেস অফিস-এর চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড ব্যবহার করে অথবা NYS OASAS-এর ওয়েবসাইট এর মাধ্যমে সঙ্কট/ডিটক্স, ইনপেশেন্ট, কমিউনিটির বাসিন্দা বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তির চিকিৎসা পাওয়া যাবে।

# # #

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন